



## নওগাঁ পল্লী বিদ্যুৎ সমিতি-২ পল্লীতলা, নওগাঁ



স্মারক নং-২৭.১২.৬৪৭৫.৫৭৫.০১.০১৩.২২- ২৮৫০

তারিখঃ ২৬ চৈত্র, ১৪২৮ বঙ্গাব্দ  
০৯ এপ্রিল, ২০২২ খ্রিঃ

### “জমি ক্রয়ের বিজ্ঞপ্তি”

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নওগাঁ পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর নিজস্ব অর্থায়নে (১) মহাদেবপুর জোনাল অফিস কমপ্লেক্স, পোল ইয়ার্ড, ওয়ার্কশপ এবং স্টোর নির্মাণের জন্য এবং (২) জিওবি ও বিশ্ব ব্যাংকের সম্ভাব্য অর্থায়নে বাস্তবায়িতব্য Modernization and Capacity Enhancement of BREB Network (Rajshahi-Rangpur Division) শীর্ষক প্রকল্পের আওতায় নওগাঁ পল্লী বিদ্যুৎ সমিতি-২ এ ৩টি উপকেন্দ্র নির্মাণের জন্য নিম্নের বর্ণনা মোতাবেক জমি ক্রয়ের দরপত্র আহবান করা যাচ্ছে।

উপজেলার নাম	বিবরণ ও লোকেশন	নূন্যতম জমির পরিমাণ
মহাদেবপুর	মহাদেবপুর বাসষ্ট্যান্ড হতে ২ কিঃমিঃ এর মধ্যে অর্থাৎ মহাদেবপুর টু নজিপুর বা মহাদেবপুর টু পোরশা বা মহাদেবপুর টু নওগাঁ পাকা সড়ক সংলগ্ন	কমপক্ষে ২৫০ শতাংশ (দৈর্ঘ্য: প্রস্থ=২:১)
পোরশা	ঘাটনগর ইউনিয়ন (প্রধান সড়ক সংলগ্ন)	৪০ শতাংশ
পল্লীতলা	পাটিচড়া ইউনিয়ন (প্রধান সড়ক সংলগ্ন)	(প্রতিটি উপকেন্দ্রের জন্য)
ধামইরহাট	আগ্রাছিগুন ইউনিয়ন (প্রধান সড়ক সংলগ্ন)	(দৈর্ঘ্য ১৫০ ফুট ও প্রস্থ ১১০ ফুট)

#### শর্তাবলীঃ

- ০১। মহাদেবপুর জোনাল অফিস কমপ্লেক্স, পোল ইয়ার্ড, ওয়ার্কশপ এবং স্টোর নির্মাণের জন্য নূন্যতম ২৫০ শতাংশ জমি উল্লেখিত প্রধান সড়ক সংলগ্ন হতে হবে।
- ০২। ৩টি উপকেন্দ্র নির্মাণের জন্য নূন্যতম ৪০ শতাংশ (প্রতিটি উপকেন্দ্রের জন্য) জমি উল্লেখিত ইউনিয়নের প্রধান সড়ক সংলগ্ন হতে হবে।
- ০৩। জমি নিষ্কন্টক হতে হবে।
- ০৪। একটি দাগে বর্ণিত সাইজ/পরিমানের জমি পাওয়া না গেলে পার্শ্ববর্তী কয়েকটি দাগের মালিকগণ একত্রে দরপত্র দাখিল করতে পারবেন।
- ০৫। দরপত্র দাখিলের সময় অবশ্যই প্রতি শতক জমির মূল্য উল্লেখসহ জমির মোট মূল্য দাখিল করতে হবে।
- ০৬। জমির মূল্য মালিকের নামে একাউন্টস পেয়ী-চেকের মাধ্যমে নওগাঁ পল্লী বিদ্যুৎ সমিতি-২ কর্তৃক পরিশোধ করা হবে এবং সরকারী নিয়মানুযায়ী জমি রেজিস্ট্রেশনের সময় যাবতীয় ব্যয় ক্রেতা কর্তৃক বহন করা হবে। তবে গেইন ট্যাক্স জমির মালিককে পরিশোধ করতে হবে। এমতাবস্থায়, বর্ণিত এলাকায় উল্লেখিত পরিমাণ জমি বিক্রয়ের জন্য আগ্রহী একক/একাধিক জমির মালিক/মালিকগণকে আগামী ০৮/০৫/২০২২ খ্রিঃ তারিখের মধ্যে জমির পর্চা/মৌজা ম্যাপসহ প্রয়োজনীয় কাগজপত্র সিনিয়র জেনারেল ম্যানেজার, নওগাঁ পল্লী বিদ্যুৎ সমিতি-২, পল্লীতলা, নওগাঁ ও তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বাপবিবো, বগুড়া জোন, বগুড়া বরাবর আবেদন জমা প্রদানের জন্য অনুরোধ করা হলো।

বিস্তারিত তথ্যের জন্য নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে যোগাযোগ করা যেতে পারে।

(প্রকৌঃ সন্তোষ কুমার সাহা)  
সিনিয়র জেনারেল ম্যানেজার

সদয় অবগতি ও নোটিশ বোর্ডে বহল প্রচারের অনুরোধসহঃ

- ০১। জেলা প্রশাসক, নওগাঁ।
- ০২। পুলিশ সুপার, নওগাঁ।
- ০৩। উপজেলা নির্বাহী অফিসার, পল্লীতলা/মহাদেবপুর/পোরশা/ধামইরহাট।
- ০৪। অফিসার ইনচার্জ, পল্লীতলা/মহাদেবপুর/পোরশা/ধামইরহাট।
- ০৫। সকল ডিজিএম, নওগাঁ পবিস-২।
- ০৬। অফিস কপি/মাষ্টার কপি।

(প্রকৌঃ সন্তোষ কুমার সাহা)  
সিনিয়র জেনারেল ম্যানেজার